

পণ্পজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্থাপন মন্ত্রণালয়  
বিধি - ১ শাখা

নং - সম/বিধি-১/এস-৮/৯৫(অংশ-২)-৫৫(২৫০)

তারিখ : ৩০-০৩-৯৫ ইং।

১৬-১২-১৪০১ বাঃ

পরিপত্র

বিষয় : সরকারী/স্বায়ত্ত্ব শাসিত/আধা স্বায়ত্ত্ব শাসিত এবং বিভিন্ন কর্পোরেশন ও  
দফতরে সরাসরি নিয়োগের ক্ষেত্রে নির্ধারিত কোটা পদ্ধতি অনুসরণ প্রসংগে।

সংস্থাপন মন্ত্রণালয়ের ৫-৯-৭২ ইং তারিখের আরক. নং এষ্ট/ব/আর-১/আর-৭৩/৭২-  
১০৯(২৫০) এর অনুচ্ছেদ ২ ও ৬ এর বিধান মোতাবেক শূন্য পদের সংখ্যা ০৪ (চার) এর কম হইলে এবং  
জনসংখ্যানুপাতে পদ বিভাজনের ক্ষেত্রে যে ভগ্নাংশ আসে, উক্ত ভগ্নাংশ পুনঃ বিভাজনের জন্য সংশ্লিষ্ট  
চাকুরীতে যে বিভাগের প্রতিনিধিত্ব সর্বাপেক্ষা কম, উক্ত বিভাগকে গুরুত্ব প্রদান করিতে হয়। অপরদিকে  
সংস্থাপন মন্ত্রণালয়ের ২৮-০৭-৮৫ ইং তারিখের আরক. নং এমইআর/আর-১/এস-১৩/৮৪-  
১৪৯(২৫০) এর (ঘ) অনুচ্ছেদের বিধান মোতাবেক কোন বিশেষ কোটার অধীন বেসন জেলার বিতরণকৃত  
পদের সংখ্যা হইতে যোগ্য প্রার্থীর সংখ্যা কম হইলে সংশ্লিষ্ট প্রাক্তন বৃহত্তর জেলার অস্তর্ভুক্ত সেই জেলার  
যোগ্য প্রার্থীদের মধ্য হইতে ঐ শূন্য পদ পূরণ করিতে হইবে যে জেলার চাকুরীজীবির সংখ্যা সর্বাপেক্ষা  
কম। সংশ্লিষ্ট প্রাক্তন বৃহত্তর জেলার অস্তর্ভুক্ত কোন জেলা হইতে উপরোক্তভাবে বিশেষ কোটার শূন্য পদ  
পূরণ করা সম্ভব না হইলে সংশ্লিষ্ট বিভাগের অস্তর্ভুক্ত সেই জেলার যোগ্য প্রার্থীদের মধ্যে ঐ শূন্য পদ পূরণ  
করিতে হইবে যে জেলার চাকুরীজীবির সংখ্যা সর্বাপেক্ষা কম।

২। উল্লেখিত শ্বারকদর্যের উকুল উক্ত বিধান অনুসরণের জন্য শূন্য পদের সংখ্যা ছাড়াও সংশ্লিষ্ট  
চাকুরীতে বর্তমানে কর্মরত চাকুরীজীবির জেলাওয়ারী এবং বিভাগওয়ারী সংখ্যা সংক্রান্ত তথ্যের প্রয়োজন  
হয়। কিন্তু অধিকাংশ সময় বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিস্থন অফিস সমূহ শূন্য পদ পূরণের জন্য বিজ্ঞপ্তি  
প্রকাশ করার নিমিত্ত পাবলিক সার্ভিস কমিশনের নিকট রিকুইজিশন পাঠানোর সময় উক্ত তথ্যাদি  
রিকুইজিশনের সহিত প্রেরণ করে না সর্বে সরকারী কর্ম কমিশন কর্তৃক জানানো হইয়াছে।

৩। এমতাবস্থায় শূন্য পদ পূরণের উদ্দেশ্যে বিজ্ঞপ্তি প্রকাশ করার জন্য পাবলিক সার্ভিস কমিশনের  
নিকট রিকুইজিশন প্রেরণের সময় শূন্য পদের সংখ্যার সহিত সংশ্লিষ্ট চাকুরীতে কর্মরত চাকুরীজীবির  
জেলাওয়ারী ও বিভাগওয়ারী সংখ্যা সংক্রান্ত তথ্যাদি প্রেরণের জন্য সকল মন্ত্রণালয়/বিভাগ/অধিস্থন অফিস  
সমূহকে অনুরোধ করা যাইতেছে।

( হাবিবুর রহমান )

সচিব  
সংস্থাপন মন্ত্রণালয়।